

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: “মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” সংক্রান্ত সফটওয়্যার প্রস্তুত সংক্রান্ত বিষয়ে কারিগরি কমিটির সভার কার্যবিবরণী:

|                   |                                                                             |
|-------------------|-----------------------------------------------------------------------------|
| সভাপতি            | : দিলারা বেগম, যুগ্মসচিব (বাজেট ও অডিট)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : ১৭.০৬.২০২৫ খ্রি. বেলা ২.০০ টায়                                           |
| সভার স্থান        | : মন্ত্রণালয়ের সভাকক্ষ                                                     |
| উপস্থিতির হাজিরা  | : পতাকা-ক                                                                   |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট ও অডিট) তাসনিম জেবিন বিনতে শেখকে অনুরোধ জানান। উপসচিব (বাজেট ও অডিট) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করেন।

২. তিনি সভাকে অবহিত করেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা কর্তৃক যৌথভাবে “মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” বাস্তবায়ন করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ৬৪টি জেলার আওতাধীন ৪৮৯টি উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রমটি বাস্তবায়িত হচ্ছে। ২০০৩-০৪ অর্থবছর হতে এপ্রিল, ২০২৫ পর্যন্ত মোট বরাদ্দ ৬২.৬৪২০ (ষাষট্টি কোটি চৌষট্টি লক্ষ বিশ হাজার) টাকা। জাতীয় মহিলা সংস্থার ৫৮টি জেলার সদর উপজেলা ও ৫০টি উপজেলাসহ মোট ১০৮টি উপজেলা কার্যালয়ে ক্ষুদ্রঋণ কার্যক্রমটি বাস্তবায়িত হচ্ছে। ২০০৪-০৫ অর্থবছর হতে এপ্রিল, ২০২৫ পর্যন্ত ৪৪.৬২ (চুয়াল্লিশ কোটি বাষট্টি লক্ষ) টাকা।

৩. তিনি আরো জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের বর্তমান স্থিতি ৭০.৪০ কোটি টাকা, ঘূর্ণায়মান আকারে বিতরণ ১৯৫.৫৪২৪ কোটি টাকা, মোট আদায় ১৫৫.৩২২৬ কোটি টাকা, মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১,৬৬,৬০৯ জন এবং ঋণ আদায়ের হার ৭৯.৪৩%। জাতীয় মহিলা সংস্থার বর্তমান স্থিতি ৩৯.০৬ কোটি টাকা, ঘূর্ণায়মান আকারে বিতরণ ৯৫.৯১ কোটি টাকা, মোট আদায় ৯৯.৫৯ কোটি টাকা, মোট ঋণ গ্রহীতার সংখ্যা ৭৩,১৫৭ জন এবং ঋণ আদায়ের হার ৮৯.০০%।

৪. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “জাতীয় সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০১৯” (National Integrated Savings and Micro-credit Implementation Guideline 2019) অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় “ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা, ২০২২ প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালা অনুযায়ী ২টি কমিটি যথাক্রমে জেলা মনিটরিং কমিটি ও উপজেলা কমিটি রয়েছে। উপজেলা কমিটি প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনা, যাচাই-বাছাই, চূড়ান্ত অনুমোদন এবং ঋণ বিতরণ করে। জেলা মনিটরিং কমিটি ঋণের কার্যক্রম মনিটরিং ও প্রযোজ্য ক্ষেত্রে ঋণ মওকুফের সিদ্ধান্ত গ্রহণ করে। গত ২৯/১০/২০২৪ তারিখে ৪৫৬ নম্বর স্মারকে একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে এ সভা আহ্বান করা হয়েছে।

৫. মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম-কে ডিজিটাইলেশনের নিমিত্ত গত ২৫/০৯/২০২৩ তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত অনুযায়ী Techweb BD IT, 12/A, Kuril, Dhaka-কে মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার সফটওয়্যার প্রস্তুতের জন্য নিয়োগ করা হয়। সে অনুযায়ী Techweb BD IT মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” এর আওতায় পাইলট আকারে ৮টি বিভাগের ১০টি জেলার ১০টি উপজেলায় বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়।

৬. জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, “মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” এর Techweb BD IT, 12/A, Kuril, Dhaka-কে নিয়োগ করা হয়। উক্ত কার্যক্রম মাঠ পর্যায়ে ৫টি জেলাকে পাইলট আকারে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছিলো। উক্ত নির্মাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হলে নির্মাতা প্রতিষ্ঠানকে ফোনে পাওয়া যায়নি বিধায় তবে পাইলট কার্যক্রম বাস্তবায়ন করা হয়নি।

৭. পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ৮টি তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান রয়েছে এবং ১৭২টি এনজিও সরাসরি কাজ করে। তাদের জনবল মাঠ পর্যায়ে সরাসরি কাজ করে বিধায় তাদের কোন সমস্যা হয় না।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) সফটওয়্যার কোম্পানী Techweb BD IT, 12/A, Kuril, Dhaka-এর প্রতিনিধি পরবর্তী সভায় উপস্থিত হালনাগাদ তথ্যাদিসহ উপস্থিত থাকতে হবে;
- খ) পিকেএসএফ এর প্রতিনিধি তাদের ব্যবহৃত সফটওয়্যার এর ফিচার জানাবে;
- গ) “ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা”-২০২২ সময়োপযোগি না হওয়ায় নির্দেশিকা পরবর্তী সভায় সংশোধনের উদ্যোগ গ্রহণ/সংশোধন করা প্রয়োজন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

১৪/০৭/২০২৫

(দিলারা বেগম)

যুগ্মসচিব (বাজেট ও অডিট)

ও

আহবায়ক


কারিগরি কমিটি

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০২৩.০৬.০২৩.২৪. ২৫৬

তারিখ: ১৪/০৭/২০২৫ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মো: আবু আল বাশার, ব্যবস্থাপক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, পিকেএসএফ ভবন, ই/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সহকারী পরিচালক (ক্ষুদ্রঋণ), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্যামনগর, সাতক্ষীরা
৪. নির্বাহী অফিসার, জাতীয় মহিলা সংস্থা, মুন্সিগঞ্জ।
৫. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৬. জেলা কর্মকর্তা, প্রকল্প ও প্রকাশনা, জাতীয় মহিলা সংস্থা।

  
(পাপিয়া হোস)

সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৯৫১৫২২৬